

💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৩৫০

বদান্যতা, কৃপণতা ও চারিত্রিক দোষ-ক্রটি

পরিচ্ছেদঃ ১৬০- কেউ কোন সম্প্রদায়ের সাথে সাক্ষাত করতে গিয়ে তাদের সাথে তার আহার গ্রহণ।

بَابُ مَنْ زَارَ قَوْمًا فَطَعِمَ عِنْدَهُمْ

আরবী

حَدَّثَنَا الْمَكِّيُّ، قَالَ: حَدَّثَنَا حَنْظَلَةُ، عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللهِ قَالَ: سَمِعْتُ عَبْدَ اللهِ بْنَ عُمَرَ قَالَ: الشَّتِرِ هَذِهِ، قَالَ: وَجَدَ عُمَرُ حُلَّةَ إِسْتَبْرَقٍ، فَأَتَى بِهَا النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ: اشْتَرِ هَذِهِ، وَالْبَسْهَا عِنْدَ الْجُمُعَةِ، أَقْ حِينَ تَقْدِمُ عَلَيْكَ الْوُفُودُ، فَقَالَ عَلَيْهِ الصَّلاَةُ وَالسَّلاَمُ: إِنَّمَا وَالْبَسُهَا مَنْ لاَ خَلاَقَ لَهُ فِي الْآخِرَةِ، وَأُتِيَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم بِحُلَل، فَأَرْسَلَ يَلْبَسُهَا مَنْ لاَ خَلاَقَ لَهُ فِي الْآخِرَةِ، وَإلَى عَلِيّ بِحُلَّةٍ، فَقَالَ عُمَرُ: يَا رَسُولَ اللهِ، أَرْسَلَتَ إِلَى عُمَرَ بِحُلَّةٍ، وَإلَى أَسَامَةَ بِحُلَّةٍ، وَإلَى عَلِيّ بِحُلَّةٍ، فَقَالَ عُمَرُ: يَا رَسُولَ اللهِ، أَرْسَلْتَ بِهَا إِلَيَّ ، لَقَدْ سَمِعْتُكَ تَقُولُ فِيهَا مَا قُلْتَ؟ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: تَبِيعُهَا، أَقْ بِهَا إِلَيَّ، لَقَدْ سَمِعْتُكَ تَقُولُ فِيهَا مَا قُلْتَ؟ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: تَبِيعُهَا، أَقْ تَقُضِي بِهَا حَاجَتَكَ.

বাংলা

৩৫০। আবদুল্লাহ ইবনে উমার (রাঃ) বলেন, উমার (রাঃ) একটি রেশমী চাদর পেলেন। তিনি তা নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট নিয়ে গিয়ে বলেন, আপনি এটি ক্রয় করুন এবং তা জুমুআর দিন অথবা যখন বিভিন্ন প্রতিনিধি দল আপনার সাথে সাক্ষাৎ করতে আসবে তখন পরবেন। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যার আখেরাতে কোন প্রাপ্য নাই কেবল সে এটা পরতে পারে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট অনুরূপ কয়েকটি রেশমী চাদর আসলো। তিনি তার একটি চাদর উমার (রাঃ)-এর জন্য, একটি চাদর উসামা (রাঃ)-এর জন্য এবং একটি চাদর আলী (রাঃ)-এর জন্য পাঠান। উমার (রাঃ) বলেন, ইয়া রাসূলাল্লাহ! আপনি এটা আমার জন্য পাঠিয়েছেন। অথচ আপনি এ সম্পর্কে যা বলেছেন তা তো আমি শুনেছি। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তুমি এটা বিক্রি করো অথবা এটা দ্বারা তোমার কোন প্রয়োজন পূরণ করো (বুখারী, মুসলিম)।

English

'Abdullah ibn 'Umar said, "'Umar found a silk robe and brought it to the



Prophet, may Allah bless him and grant him peace, and said, 'Buy this and wear it on Jumu'ah and when delegations come to you.' The Prophet, peace be upon him, replied, 'Only someone who has no portion in the Next World wears this.' Then the Messenger of Allah, may Allah bless him and grant him peace, was brought some robes and sent one robe to 'Umar, one to Usama, and one to 'Ali. 'Umar said, 'Messenger of Allah! You have sent this to me when I heard you say what you said about it.' The Prophet, may Allah bless him and grant him peace, said, 'You can sell it or take care of your needs with it.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন